

গণগ্রন্থাগারে বই পড়ি
আলোকিত মানুষ গড়ি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার, নড়াইল

নম্বর ৪৩.২৬.৬৫০০.০০০.২৩.০০২.১৯.৯.১০৫

তারিখ ১১ অগ্রহায়ণ ১৪২৬

২৬ নভেম্বর ২০১৯

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: মহান বিজয় দিবস ২০১৯ উপলক্ষে রচনা, বইপাঠ ও চিত্রাংকন প্রতিযোগিতা।

মহান বিজয় দিবস ২০১৯ উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জেলা সরকারি গণগ্রন্থাগার, নড়াইল-এ নিম্নোক্ত বিষয়ে রচনা, বইপাঠ ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা

ক্র.নং.	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	ক	পঞ্চম-অষ্টম	আমাদের বিজয় দিবস	১০০০
২.	খ	নবম-দ্বাদশ	বিজয় দিবসের উৎসব	১২০০
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর	মুক্তিযুদ্ধে বিদেশীদের ভূমিকা	১৫০০
৪.	ঘ	সর্বসাধারণ	সাহিত্য ও সংস্কৃতিতে মুক্তিযুদ্ধ	১৮০০

খ) চিত্রাংকন প্রতিযোগিতা :

ক্র.নং.	গ্রুপ	বয়সসীমা	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়
১.	ক	অনূর্ধ্ব-৭ বছর	উন্মুক্ত
২.	খ	অনূর্ধ্ব-১২ বছর	বিজয় দিবসের আনন্দ
৩.	গ	প্রতিবন্ধী	বাংলাদেশের প্রাকৃতিক দৃশ্য

রচনা ও বইপাঠ প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য : রচনা প্রতিযোগিতায় প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা জেলা সরকারি গণগ্রন্থাগার, নড়াইল-এ জমা দিতে হবে। বইপাঠ প্রতিযোগিতার ফরম গণগ্রন্থাগার থেকে সংগ্রহ করে পূরণকৃত বইপাঠ প্রতিযোগিতার ফরম জেলা সরকারি গণগ্রন্থাগার, নড়াইল-এ জমা দিতে হবে এবং বইপাঠ প্রতিযোগিতার ক্ষেত্রে পঠিত বইসমূহ সংশ্লিষ্ট গণগ্রন্থাগারের হতে হবে। রচনা ও পূরণকৃত বইপাঠ প্রতিযোগিতার ফরম জমা দেয়ার শেষ তারিখ ১৭.১২.২০১৯।
চিত্রাংকন প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য : চিত্রাংকন প্রতিযোগিতা জেলা সরকারি গণগ্রন্থাগার-নড়াইল-এ ১৭.১২.২০১৯ তারিখ বিকেল ৩.০০ টায় অনুষ্ঠিত হবে।

পুস্তক প্রদর্শনী : জেলা সরকারি গণগ্রন্থাগার-নড়াইল-এ ১৭.১২.২০১৯ থেকে ১৮.১২.২০১৯ তারিখ ০২ (দুই) দিনব্যাপী মুক্তিযুদ্ধ বিষয়ক পুস্তক প্রদর্শনী অনুষ্ঠিত হবে।

শর্তাবলি :

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. ছাত্রছাত্রীদের রচনা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এবং অন্যান্য প্রতিযোগীর রচনা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

৫. চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছু প্রত্যেক প্রতিযোগীকে ১৫.১২.২০১৯ তারিখের মধ্যে জেলা সরকারি গণগ্রন্থাগার-নড়াইল-এ রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় বয়স প্রমাণের জন্য জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। প্রতিবন্ধীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র জমা দিতে হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের কাগজ/আর্ট পেপার ব্যতীত চিত্রাংকনের জন্য প্রয়োজনীয় অন্যান্য উপকরণ নিজ দায়িত্বে সঙ্গে আনতে হবে।



২৭-১১-২০১৯

মোঃ তাজমুল ইসলাম

লাইব্রেরিয়ান

ফোন: ০৪৮১-৬৩১০৮

ইমেইল:

librariandgplnarail@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), গণগ্রন্থাগার অধিদপ্তর
- ২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
- ৩) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, নড়াইল
- ৪) অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
- ৫) উপজেলা নির্বাহী অফিসার, (সকল উপজেলা) নড়াইল
- ৬) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, নড়াইল(শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রচারের অনুরোধ করা হলো)
- ৭) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, নড়াইল(শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রচারের অনুরোধ করা হলো)
- ৮) অধ্যক্ষ, (সকল কলেজ), নড়াইল (নিজ কলেজের শিক্ষক/শিক্ষার্থীদের মাঝে প্রচারের ব্যবস্থাগ্রহণের অনুরোধ করা হলো)
- ৯) প্রধান শিক্ষক (সকল স্কুল), নড়াইল(নিজ নিজ স্কুলের শিক্ষক/শিক্ষার্থীদের মাঝে প্রচারের ব্যবস্থাগ্রহণের অনুরোধ করা হলো)